সংক্ষিপ্তসার

এটি একটি নতুন প্রবিধান। এটি আচরণগত সংকট অভিজ্ঞতা করা শিক্ষার্থীদের জন্য হস্তক্ষেপ ও হ্রাস, এবং 911 নম্বরে যোগাযোগ করা সংক্রান্ত ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE") নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে। প্রবিধানটি ১ অগাস্ট ২০১৫ তারিখে কার্যকর হবে।

I. আচরণগত সংকট হ্রাস/হস্তক্ষেপ এবং 911-এ যোগাযোগ[1]

A. এই প্রবিধান আচরণগত সংকট অভিজ্ঞতা করা শিক্ষার্থীদের জন্য হস্তক্ষেপ ও হ্রাস, এবং 911 নম্বরে যোগাযোগ করা সংক্রান্ত ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("DOE") নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে। এটি ১ অগাস্ট ২-১৫ তারিখে কার্যকর হয়।

B. যখন কোনো শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয় যা ওই শিক্ষার্থী বা অন্যান্যের জন্য মারাত্মক জখম হওয়ার যথেষ্ট ঝুঁকি তৈরি করে, তখন স্কুলকে অবশ্যই আচরণটি নিয়ন্ত্রণে আনার যথাযথ কৌশল নির্ধারণ এবং স্কুল কর্মচারীরা নিম্নবর্ণিত উপায়ে নিরাপদে পরিস্থিতি প্রশমনে সক্ষম হবেন কিনা বিবেচনা করতে হবে। এ ধরনের পরিস্থিতিতে অবশ্যই নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে:

1. প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবশ্যই পরিস্থিতি সম্পর্কে অবহিত করতে এবং পিতামাতার সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করতে হবে।2 প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবশ্যই পরিস্থিতি সম্পর্কে অবহিত করতে এবং পিতামাতার সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করতে হবে।

2. যেখানে সম্ভব ব্যবহার করে আচরণটি নিরাপদে নিয়ন্ত্রণ করার জন্য সাড়াদানকারী স্কুল কর্মচারীকে সর্বাত্মক চেষ্টা করতে হবে: 1) আচরণগত সংকট দূর করার কৌশল ও হস্তক্ষেপ; এবং 2) স্কুলের সংকট হ্রাস পরিকল্পনায় শনাক্তকৃত স্কুলের নিজস্ব ও কম্যুনিটি সহায়সঙ্গতি (নিচে Section III দেখুন) যদি ক্লাসরুমের শিক্ষক অথবা সাড়াদানকারী কর্মচারী আচরণটি হ্রাস করতে ব্যর্থ হন , তাহলে শিক্ষক/কর্মচারীকে সংকট হ্রাসে প্রশিক্ষিত কর্মী সদস্যদের সহায়তা চাইতে হবে। শিক্ষক/কর্মী সদস্য অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, ডিন, স্কুলের ক্রাইসি ইন্টারভেনশন টিমে সদস্য, বিল্ডিং রেসপন্স টিমের সদস্য, গাইড্যান্স কাউন্সেলর, স্কুল-বেইজড মেন্টাল হেলথ ক্লিনিক (SBMH) অথবা সাইটে স্কুল-বেইজড হেলথ সেন্টার উইথ মেন্টাল হেলথ সার্ভিসেস (SBHC), অথবা বরোয় চিলড্রেন্স মোবাইল ক্রাইসি টিম থাকলে তার সদস্যসহ অপরাপর যথোপযুক্ত কর্মচারী এবং সহায়সঙ্গতি থেকে সাহায্য চাইতে পারেন।

3. তবে, যেখানে শিক্ষার্থীর আচরণ তার নিজের অথবা অন্যদের জখম হওয়ার অনিবার্য ও পর্যাপ্ত ঝুঁকি তৈরি করে এবং স্কুল কর্মচারী অথবা উপরে বর্ণিত সহায়ক পরিষেবাগুলোর পক্ষে নিরাপদে নিয়ন্ত্রণ করা অসম্ভব হয়, তাহলে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবশ্যই 911 নম্বরে ফোন করতে হবে। এরকম পরিস্থিতিতে যেখানে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তের সঙ্গে যোগাযোগ করা সম্ভব নয়, সেখঅনে সাড়াদানকারী কর্মী সদস্য/স্কুল সেফটি এজেন্টকে অবশ্যই 911 নম্বরে ফোন এবং অব্যবহিত পরে প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবহিত করতে হবে।

---

[1] শারীরিক জখম বা স্বাস্থ্যগত অবস্থার কারণে জরুরি চিকিৎসা সেবার জন্য 911 নম্বরে যোগাযোগ সম্পর্কিত নীতিমালা ও পদ্ধতিসমূহ চ্যান্সেলরের প্রবিধান A-412 তে উল্লেখ করা হয়েছে।

[2] পিতামাতা শব্দটির অর্থ পিতামাতা বা অভিভাবক বা যে ব্যক্তির সাথে শিক্ষার্থীর পিতামাতা বা তত্বাবধানীয় সম্পর্কে রয়েছে, তাকে, কিংবা শিক্ষার্থী স্বাবলম্বী নাবালক বা ১৮ বছর বা অধিক বয়েসী হলে তার নিজেকেই বুঝায়।

II. যখন 911 নম্বরে ফোন করা হয় তখন স্কুলের দায়িত্বাবলি

A. যখন একজন শিক্ষার্থীর জন্য 911 নম্বরে ফোন করা হয় , তখন 911 নম্বরে ফোন করা হয়েছে একথা পিতা অথবা মাতাকে অবহিত করার জন্য প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে অবশ্যই তাকে ফোন করতে হবে।

B. পিতামাতারা যদি স্কুলে এসে পড়ে থাকেন এবং এর ফলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীদের দায়িত্ব ও কর্তব্যপালনে বাধা সৃষ্টি করবে না এরকম মনে হয় তাহলে পিতামাতাকে অবশ্যই ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারী এবং শিক্ষার্থীর সঙ্গে কথা বলার সুযোগ দিতে হবে।

C. যদি এমন হয় যে পিতামাতা স্কুলে এসে পৌঁছন নাই কিন্তু ফোনে তাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, তাহলে পিতামাতাদের অবশ্যই ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারী এবং শিক্ষার্থীর সঙ্গে কথা বলার সুযোগ দিতে হবে যদি তা সম্ভবপর এবং এর ফলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীদের দায়িত্ব ও কর্তব্যপালনে বাধা সৃষ্টি করবে না এরকম মনে হয়। .

D. যদি পিতামাতা তার সন্তানকে হাসপাতালে না পাঠানর জন্য অনুরোধ করেন, তাহলে ঘটনাস্থলে উপ স্থিত 911 সাড়াদানকারীরা ডিওই কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করবে এবং সিদ্ধান্ত নেবে চিকিৎসা সহায়তা প্রত্যাখ্যানের ক্ষেত্রে এফডিএনওয়াই-র নীতিমাল ও পদ্ধতি অনুসারে পিতামাতার অনুরোধরক্ষা করা যায় কিনা।

E. যদি নিরূপিত হয় যে শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহণের প্রয়োজন নাই, তাহলে স্কুলের কর্মকর্তাগণ এবং পিতামাতা পরবর্তী পদক্ষেপগুলো নিয়ে আলোচনা করবেন যার অন্তর্ভুক্ত তবে এতেই সীমাবদ্ধ নয় শিক্ষার্থীর ক্লাসে ফিরে যাওয়া উচিত কিনা।

F. যদি স্কুল কর্মচারী শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগে অসমর্থ হন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা ডিওই কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার পর নিরূপণ করবেন শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহণ আবশ্যক কিনা। যদি নিরূপিত হয় যে শিক্ষার্থীকে হাসপাতালে পাঠানো হবে, তাহলে স্কুল কর্মচারীকে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে যেতে হবে। যদি স্কুল কর্মচারীর স্কুল দিবস শেষ হওয়ার আগে পিতামাতা না পৌঁছন, তাহলে পরবর্তী নির্দেশের জন্য কর্মী সদস্যকে অবশ্যই প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তের সঙ্গে যোগাযোগ করতে হবে।

G. কোন অবস্থাতেই শিক্ষঅর্থীর আচরণহেতু শৃঙ্খলামূলক প্রতিক্রিয়া বা শৃঙ্খলামূলক ব্যবস্থা হিশেবে 911 কল করবেন না। উপরন্তু, যেসব ক্ষেত্রে নিরাপদে সংকট নিরসনে প্রশমন কৌশল বা সহায়সঙ্গতি ব্যবহার করা যায়, যা উপরে I.A.2-তে বর্ণিত হয়েছে, সেসব ক্ষেত্রে প্রশমন কৌশল বা সহায়সঙ্গতির পরিবর্তে বা বিকল্প হিশেবে 911 ব্যবহার করা যাবে না।

H. শিক্ষার্থীর স্কুলে উপস্থিতি বা প্রত্যাবর্তনের শর্ত হিশেবে স্কুল মানসিক সুস্থতার ছাড়পত্রর জন্য অনুরোধ বা তা আবশ্যক করতে পারবে না।

I. আচরণগত কোন সংকটের পর, স্কুল কর্মচারীরা শিক্ষার্থীর জন্য যথাযথ ইতিবাচক আচরণ সহায়তা ও হস্তক্ষেপ বিষয়ে আলোচনার উদ্দেশ্যে পিতামাতা (এবং যেখানে প্রযোজ্য শিক্ষার্থীর)সঙ্গে মিলিত হবে।

III. সংকট মোকাবেলা পরিকল্পনা

A. প্রত্যেক ক্রাইসিস রেসপন্স/প্রিভেনশন এডুকেশন/ইনটারভেনশন টিম (সংকট মোকাবেলা দল) এর কনসোলিডেটেড স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যানের অংশ হিশেবে অবশ্যই একটি সংকট প্রশন পরিকল্পনা তৈরি করবে। এধরনের পরিকল্পনায় অবশ্যই:

1. আচরণগত সংকটময় পরিস্থিতি প্রশমনের জন্য কৌশলগ্রহণ করবে;

2. সংকটাপন্ন শিক্ষার্থীদের অন্যদের থেকে নিরাপদে আলাদা করা যাবে স্কুলভবনে এরকম একটি স্থান চিনিত করবে;
3. প্রশমন কলায় প্রশিক্ষিত স্কুল কর্মচারী শনাক্ত করবে;
4. স্কুল এবং পিতামাতাদের জন্য লভ্য স্কুলের ও কম্যুনিটির সহায়সঙ্গতি (যেমন, মেন্টাল হেলথ ক্লিনিক, মোবাইল ক্রাইসি টিম, জরুরি/একইদিনে মানসিক স্বাস্থ্য মূল্যায়ন চিহ্নিত করবে; এবং
5. স্কুল কর্মচারীদের কাছে সংকট প্রশমন ও সাড়াদান করার প্রোটোকল কীভাবে অবহিত করা হয় তার বর্ণনা করবে।

IV. অবহিতকরণ পদ্ধতি

A. যখনই 911 নম্বরে যোগাযোগ করা হয় প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত অবশ্যই (718) 935-3210 নম্বরে ডিওই এমার্জেন্সি ইনটেক সেন্টারে (EIC) অবহিত করবেন।

B. প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্তকে 911 নম্বরে যোগাযোগ করা হয়েছিল এমন ঘটনাসহ সকল স্কুল-সংশ্লিষ্ট ঘটনা সংঘটনের ২৪ ঘন্টার মধ্যে অবশ্যই অনলাইন অকারেন্স রিপোর্ট (OORS Report) ফাইল করতে হবে।

C. ওওআরএস রিপোর্ট ফাইল করা সংক্রান্ত কারিগরি প্রশ্নের জবাব দেয়ার জন্য অফিস অভ সেইফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (OSYD)-এর হেল্প ডেস্ক রয়েছে। হেল্প ডেস্ক সোমবার থেকে শুক্রবার সকাল ৮:০০ থেকে বিকাল ৫:০০ খোলা থাকে। হেল্প ডেস্কে যোগাযোগ করার জন্য (718)935-5004 নম্বরে ফোন করে ওএসওয়াইডি ওয়েব সাপোর্ট-এ সংযোগ দিতে অনুরোধ করুন।

D. চ্যান্সেলরের প্রবিধান A-820 এবং ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (FERPA)অনুসারে, অনুরোধসাপেক্ষে, পিতামাতাদের তাদের সন্তানের সন্তানের অকারেন্স রিপোর্টের কপি লাভ করার অধিকার আছে।

V. নোটিফিকেশন

A. প্রত্যেক ক্রাইসিস ইনটারভেন টিমকে ৩১ অক্টোবরের মধ্যে স্কুলের সকল কর্মচারীর জন্য অবশ্যই একটি অরিয়েন্টেশন পরিচালনা করতে হবে। অরিয়েন্টেশনে অবশ্যই এই প্রবিধানে বর্ণিত নীতিমালা ও পদ্ধতিসমূহ এবং স্কুলের সংকট প্রশমন পরিকল্পনা উপস্থাপন করতে হবে।

B. প্রত্যেক স্কুলকে ৩১ অক্টোবরের মধ্যে এইমর্মে প্রত্যয়ন করতে হবে যে স্কুলটির বার্ষিক সুসংহত ও যুব উন্নয়ন পরিকল্পনায় অরিয়েন্টেশন অধিবেশন পরিচালনা করা হয়েছে।

C. এই প্রবিধানে বর্ণিত নীতিমালা ও পদ্ধতিসমূহ এবং সংকট প্রশমন পরিকল্পনা ৩১ অক্টোবরের মধ্যে অবশ্যই একটি স্কুল সেইফটি কমিটি বৈঠকে উত্থাপন করতে হবে যেখানে স্কুলের একজন স্কুল সেইফটি এজেন্ট লেভেল ৩/স্থলাভিষিক্ত অবশ্যই উপস্থিত থাকবেন।

D. এই প্রবিধানের একটি কপি পিতামাতাদের জন্য অনুরোধসাপেক্ষে লভ্য রাখতে হবে।

VI. তদন্ত

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট

ফোন::	N.Y.C. Department of Education 52 Chambers Street, Room 218 New York, NY 10007	ফ্যাক্স:
212-374-5501		212-374-5751